



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর


www.jessoreboard.gov.bd

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিষয়ে গুরুত্বপূর্ণ নির্দেশনা

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহের অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীদের কলেজভিত্তিক তালিকা www.xiclassadmission.gov.bd সাইটে দেয়া দেয়া হবে। চূড়ান্ত তালিকা প্রিন্ট করে কলেজের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে। ২৭/০৬/২০১৯ তারিখ থেকে ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে শিক্ষার্থীদের ভর্তি সম্পন্ন করতে হবে। তালিকার বাইরে কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০১৯ অনুসরণ করতে হবে। শিক্ষার্থী ভর্তি, ভর্তি নিশ্চায়ন এবং শিক্ষার্থীর রেজিস্ট্রেশনসহ ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে www.xiclassadmission.gov.bd সাইটে দেয়া নির্দেশনা অনুসরণ করতে হবে।

ভর্তির ক্ষেত্রে কয়েকটি গুরুত্বপূর্ণ নির্দেশনা-

- ❖ কলেজ কর্তৃক ভর্তি নিশ্চায়নের (APPROVAL) জন্য কোন PIN বা সিকিউরিটি কোড প্রয়োজন হবে না এবং শিক্ষার্থীর কাছ থেকে PIN বা সিকিউরিটি কোড নেয়ার কোন প্রয়োজন নেই;
- ❖ কলেজ কর্তৃক কোন শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন না করা হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। তাই ভর্তিকৃত সকল শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন করার সময় সতর্ক থাকতে হবে। নিশ্চায়ন সম্পন্ন করার পর নিশ্চায়নের প্রিন্ট কপি অবশ্যই সংরক্ষণ করতে হবে;
- ❖ সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় ১০০০/- (এক হাজার), পৌর (জেলা সদর) এলাকায় ২০০০/- (দুই হাজার), ঢাকা ব্যতীত অন্যান্য মেট্রোপলিটন এলাকায় ৩০০০/- (তিন হাজার) টাকার বেশি হবে না। শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট হতে রেড ক্রিসেন্ট ফিস বাবদ (২০/- টাকার ৬০%) ১২/- টাকা গ্রহণ করবে। কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে পাঠ বিরতি ফি ১৫০/- গ্রহণ করতে হবে;
- ❖ সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী ফি গ্রহণ করবে;
- ❖ কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে;
- ❖ পাঠদানের প্রাথমিক অনুমতি বিহীন কোন কলেজে/সমমানের প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। অননুমোদিত কোন বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না;
- ❖ মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ব্যতীত কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না;
- ❖ একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রে কলেজের বা অন্য কোন প্রকার সিল দেয়া বা লেখা যাবে না;
- ❖ কোন শিক্ষার্থীর অজ্ঞাতে কোন প্রতিষ্ঠান শিক্ষার্থী ভর্তি করতে পারবে না। এরূপ অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি বাতিলসহ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ❖ ভর্তি সংক্রান্ত কাগজপত্র জমা প্রদানের পদ্ধতি ও সময়সূচি পরবর্তীতে জানানো হবে;
- ❖ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০১৯ এর কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এমপিওভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে;
- ❖ শিক্ষা বোর্ডের সাথে যোগাযোগের সময় কলেজ EIIN নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অবশ্যই কলেজ প্যাডে উল্লেখ করতে হবে।



(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

মোবাইল: ০১৭৩৩২২২০০৪

e-mail: ic@jessoreboard.gov.bd

